

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৩৭

তেলিয়ামুড়া, ৩০ জানুয়ারি, ২০২৪

**বর্তমান সরকার জনজাতিদের উন্নয়নে বিভিন্ন
প্রকল্প রূপায়ণ করছে : জনজাতি কল্যাণ মন্ত্রী**

মুঙ্গিয়াকামী ব্লক কার্যালয় প্রাঙ্গণে আজ মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রের উদ্বোধন করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। মৎস্য দপ্তরের উদ্যোগে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, মৎস্য দপ্তরের খোয়াই জেলা অফিসের উপঅধিকর্তা জয়ন্ত চক্রবর্তী, বিশিষ্ট সমাজসেবী ওয়াথারাই মলসম এবং বিজন কর প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুঙ্গিয়াকামী বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা।

বক্তব্য রাখতে গিয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, বর্তমান সরকার জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। জনজাতি এলাকায় শিক্ষা, স্বাস্থ্য, পানীয়জল, বিদ্যুৎ, যোগাযোগ ব্যবস্থা প্রভৃতি উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি বলেন, শান্তি, সম্প্রীতি, সৌভ্রাতৃত্ব বজায় থাকলে উন্নয়নের কাজ ত্বরান্বিত হয়। রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজে সবাইকে সামিল হওয়ার জন্য তিনি আহ্বান জানান। উল্লেখ্য, মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রটি নির্মাণে ব্যয় হয়েছে ৫২ লক্ষ ৬৬ হাজার টাকা।
